

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৮৬(আগরতলা ১৮।১২)
কাঞ্চনপুর, ১৮ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০

উত্তর লালজুরি ভিলেজে বিকাশ শিবির

প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি লালজুরি ব্লকের উত্তর লালজুরি ভিলেজে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। জয়শ্রী উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত দু'দিনব্যাপী এই শিবিরে উপস্থিত ছিলেন লালজুরি বিএসি চেয়ারম্যান অজন্ত চৌধুরী, লালজুরি ব্লকের বিডিও সৌরভ আল আমান ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। বিকাশ শিবির উপলক্ষে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়। এ সমস্ত স্টল থেকে ভিলেজবাসীদের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা দেওয়া হয়েছে।
